



## প্রমোদতরী শিল্প

02 সেপ্টেম্বর 2021 তারিখে [সরকার ঘোষণা করেছেন যে](#) বায়োসিকিউরিটি অ্যাক্ট 2015-এর আওতায়, অস্ট্রেলিয়ায় প্রমোদতরী পরিচালনার ক্ষেত্রে মানব সম্পর্কিত জৈব নিরাপত্তার জরুরি সময়কাল তিন মাস বাড়ানো হবে। এতে যে বিষয়গুলো অন্তর্ভুক্ত রয়েছে:

- **17 ডিসেম্বর 2021** তারিখ পর্যন্ত সময়কাল বৃদ্ধি করে, অস্ট্রেলিয়ার ভূখণ্ডে ও বন্দরগুলোতে প্রমোদতরীর প্রবেশ সীমিত করার ক্ষেত্রে বর্তমান পদক্ষেপ; এবং
- 100 জন বা ততোধিক যাত্রী বহন করতে সক্ষম প্রমোদতরীগুলোর ক্ষেত্রে এই বিধিনিষেধের প্রয়োগ অব্যাহত রাখা।

সরাসরি প্রবেশ এবং রাউন্ড ট্রিপ ক্রুজসমূহ (RTC) এই বিধিনিষেধগুলোর অন্তর্ভুক্ত।

## যাত্রীবাহী বড় জাহাজ

যাত্রীবাহী বড় জাহাজের ক্রুরা (99টি পর্যন্ত বার্থ) অস্ট্রেলিয়ায় ভ্রমণ নিষেধাজ্ঞা থেকে অব্যাহতি পাবেন না এবং অস্ট্রেলিয়ায় ভ্রমণ করার পূর্বে একটি ভ্রমণ অব্যাহতির অনুমতি জমা দিতে হবে। এটি [ভ্রমণ অব্যাহতি পোর্টালের](#) মাধ্যমে করা যাবে।

নিরাপদে জাহাজ পরিচালনা করার জন্য আমরা শুধু ক্রুদের অব্যাহতি বিবেচনা করবো। জাহাজ প্রবেশ করলে তা অস্ট্রেলিয়ার জন্য অর্থনৈতিক সুবিধাও প্রদান করবে। অন্যান্য ভূমিকা, যেমন পরিষেবা বা আতিথেয়তার ভূমিকা, অস্ট্রেলিয়ায় শ্রমিকদের মাধ্যমে পূরণ হবে।

আপনাকে অবশ্যই আপনার ভ্রমণ সংক্রান্ত অব্যাহতির অনুরোধের সাথে সহায়ক নথি প্রদান করতে হবে, যার মধ্যে রয়েছে:

- অস্ট্রেলিয়ায় প্রবেশের কারণ নিশ্চিতকরণ এবং সুস্পষ্ট অর্থনৈতিক সুবিধা
- জাহাজের বর্তমান অবস্থান
- অস্ট্রেলিয়ায় আগমনের প্রস্তাবিত স্থান
- ভ্রমণের অব্যাহতির অনুরোধে অন্তর্ভুক্ত সকল ক্রু ও কর্মীর পূরণকৃত বিস্তারিত তথ্য, যার মধ্যে তাদের চাকুরির উদ্দেশ্যও অন্তর্ভুক্ত।
- সংশ্লিষ্ট স্টেট বা টেরিটরি সরকার কর্তৃক নির্দেশিত কোয়ারেন্টিন পালন করা হবে মর্মে নিশ্চয়তা প্রদান। এর মধ্যে থাকতে পারে সম্মত হওয়া বন্দোবস্ত সম্পর্কে পরামর্শ।

- সংশ্লিষ্ট স্টেট বা টেরিটরি সরকার থেকে সহায়তা।

## সমুদ্রযাত্রা শিল্প

ভ্রমণ সংক্রান্ত বিধিনিষেধ থেকে সমুদ্রযাত্রার সাথে জড়িত করু (প্রমোদতরীর করু ব্যতীত) মুক্ত এবং তাদের জন্য অস্ট্রেলিয়ান বর্ডার ফোর্স কমিশনারের কাছ থেকে পৃথক অব্যাহতি গ্রহণের প্রয়োজন নেই।

অব্যাহতিপ্রাপ্ত সমুদ্রযাত্রার সাথে জড়িত করু-এর মধ্যে অন্তর্ভুক্ত রয়েছেন:

- অস্ট্রেলিয়ার জলসীমায় কোনো বাণিজ্যিক (প্রমোদতরী ও সুপারইয়াট জাহাজ ব্যতীত) বা সরকারি জাহাজ পরিচালনা অথবা পরিচালনায় সহায়তা সেবা প্রদানকারী করু
- মেরিন পাইলট
- সামুদ্রিক জরিপকারী।

বাণিজ্যিক জাহাজ হচ্ছে এমন একটি জাহাজ যা নিচের কাজগুলোতে নিযুক্ত থাকে:

- ব্যবসায়িক লেনদেন ও মাল পরিবহন
- বন্দর ও রক্ষণাবেক্ষণ সেবার সরবরাহ
- গুরুত্বপূর্ণ শিল্প যেমন সংস্থান শিল্পে সহায়তা প্রদান
- সমুদ্র জরিপ।

যদি আপনি এই শ্রেণির অধীনে অব্যাহতি পেয়ে থাকেন, তাহলে আপনি:

- উপযুক্ত ভিসার মাধ্যমে অস্ট্রেলিয়ায় প্রবেশ এবং ত্যাগ করতে পারবেন
- যে অস্ট্রেলিয়ান স্টেট এবং টেরিটরিতে আপনি পৌঁছাবেন সেখানে কোয়ারেন্টিনে থাকবেন। অস্ট্রেলিয়ায় প্রবেশকারী (বিমান দিয়ে) সমুদ্রযাত্রার সাথে জড়িত আন্তর্জাতিক করুদের আগমনের প্রথম মুহূর্তে 14 দিনের বাধ্যতামূলক কোয়ারেন্টিনে থাকার শর্ত অনেক স্টেট ও টেরিটরিতে বর্তমানে রয়েছে।

[সমুদ্রযাত্রার সাথে জড়িত করুদের জন্য COVID-19 শর্তাবলী](#) দেখুন।